0 9 FEB 1994

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..0 9. FEB 1994 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৬ ......

138

# এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতি॥ ৬ শিক্ষক গ্রেফতার

ভালুকা (ময়মনসিংহ), ৭ ফেব্রুয়ারি (সংবাদদাতা)।- এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতির দায়ে ভালুকা পুলিশ রবিবার গভীর রাতে শহর থেকে ৬ জন শিক্ষককে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা '৯৩ সালের এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতি করে অসংখ্য মেধাবী ছাত্র-ছাত্রীকে ফেল করিয়ে দেয়। জানুয়ারি মাসে এ ব্যাপারে দৈনিক জনকণ্ঠে একটি সংবাদ প্রকাশিত হলে কর্তৃপক্ষের টনক নড়ে এবং রবিবার তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হচ্ছে ভালুকা এসএসসি কেন্দ্রের হল সুপার হবিরবাড়ী সোনার বাংলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ গফুর, এই কেন্দ্র সচিব ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমদাদ আলী আকন্দ, একই বিদ্যালয়ের সহকারী

শিক্ষক শেখ আহম্মদ আলী ও হামিদুল হক, লোহাবই উচ্চ বিদ্যালয়ের সরকারী শিক্ষক সাহাবউদ্দিন এবং গোয়ারী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ রাজ্জাক। এদের সোমবার সকালে কোর্টে পাঠানো হয়েছে।

জানা গেছে, গ্রেফতারকৃতরা '৯৩ সালের এসএসসি পরীক্ষার ভালুকা কেন্দ্রের ৪৬০৫৩, ৪৫৬০০ ও ৪৬০৬৪ নম্বরের খাতা পরিবর্তন করে ৪৬০৯, ৪৫৮৯১ ও ২৪২১৯ নম্বরের খাতা সংযোজন করে। ফলে মেধাবী তিন পরীক্ষার্থী ফেল করে। ফল প্রকাশিত হলে মার্কশীট দেখে ফেল করা ঐ পরীক্ষার্থীরা চ্যালেঞ্জ করে বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন করে।

পরবর্তীতে বোর্ড কর্তৃপক্ষ দীর্ঘ পরীক্ষা-নিরীক্ষার পর জালিয়াতির ঘটনা উদঘাটন করে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়।

গ্রেফতারকৃতরা এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতি চক্রের সক্রিয় সদস্য বলে জানা গেছে। এদের বিরুদ্ধে বিভিন্ন সময়ে বহু খাতা জালিয়াতির অভিযোগ রয়েছে।